দৈনিক খবর

তারিখ ... 04 MAR 1991
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৮

23

## সাহিত্য সংস্কৃতি ও বিজ্ঞান চর্চার মিলন কেন্দ্র

# দেবেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ



*মানিকগঞ্জঃ জেলা পর্যায়ে অনুষ্ঠিত চতুর্দশ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিচ্ছেন শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের যুগ্ম সচিব মিসেস খোদেজাআজম —খবর*

।। শাহীন চৌধুরী ।।

মানিকগঞ্জ, ৩রা মার্চ।- বিশিষ্ট দানবীর রনদা প্রসাদ সাহা প্রতিষ্ঠিত দেবেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজ পশ্চিম ঢাকা তথা সারা বাংলাদেশের একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। এই কলেজটির লেখাপড়ার ফলাফল যেমন গৌরবময় তেমনি সাহিত্য সংস্কৃতি ও বিজ্ঞান চর্চায় এর অবদান যথেষ্ট। এখানকার সঙ্গীত শিল্পী ও ক্ষুদে বিজ্ঞানীরা বিভাগীয় পর্যায়ে এমনকি জাতীয় পর্যায়ের বিভিন্ন প্রতিযোগিতায় স্বর্ণপদক অর্জন করতে সক্ষম হয়েছেন।

সম্প্রতি এই কলেজে ছাত্র সংসদ আয়োজিত সাহিত্য ও সাংস্কৃতিক সপ্তাহ এবং সরকারীভাবে জেলা পর্যায়ে চতুর্দশ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ অনুষ্ঠিত হয়। গত ১৪ই জানুয়ারী ছাত্র সংসদ কর্তৃক আয়োজিত সাহিত্য ও সাংস্কৃতিক সপ্তাহ '৯১ শুরু হয়। কোন প্রকার বিরতি ছাড়া এক সপ্তাহব্যাপী তা চলে। এই সাহিত্য ও সাংস্কৃতিক সপ্তাহের শুভ উদ্বোধন করেন বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক খান আতাউর রহমান। ছাত্র সংসদের সভাপতি ও কলেজের অধ্যক্ষ প্রফেসর মুহম্মদ সামীদুল হকের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সাহিত্য বিভাগের সভাপতি ডঃ সৈকত আসগর ও ছাত্র সংসদের ভিপি মোতালেব হোসেন।


প্রতিযোগিতার বিষয়ের মধ্যে ছিল কবিতা আবৃত্তি, উপস্থিত বক্তৃতা, বিতর্ক, খবর পাঠ, একক অভিনয়, নজরুল সংগীত, আধুনিক গান, পল্লীগীতি, দেশাত্মবোধক গান, কবিতা রচনা প্রভৃতি।

গত ১৫ই জানুয়ারী থেকে ১৭ই জানুয়ারী পর্যন্ত অনুষ্ঠিত হয় চতুর্দশ জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ '৯১। জেলা পর্যায়ে অনুষ্ঠিত এই বিজ্ঞান সপ্তাহ ও বিজ্ঞান মেলার শুভ উদ্বোধন করেন শিক্ষা মন্ত্রণালয়ের বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের যুগ্মসচিব মিসেস খোদেজা আজম। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বিজ্ঞান যাদুঘরের পরিচালক ডঃ মোবারক আলী আখন্দ। কলেজের অধ্যক্ষ প্রফেসর মুহম্মদ সামীদুল হকের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জেলা প্রশাসক মর্তুজা হোসেন মুন্সী।

এই বিজ্ঞান সপ্তাহে ১৫টি বিজ্ঞান ক্লাব, ২টি স্কুল, ২টি কলেজ-এর মোট ২শ' ৫৬টি বিজ্ঞান প্রজেক্ট প্রদর্শিত হয়। এর মধ্যে স্কুল পর্যায়ের ছিল ১শ' ১০টি প্রজেক্ট এবং কলেজ পর্যায়ের ছিল ১শ' ৪৬টি প্রজেক্ট। প্রতিদিন বেলা ২.৩০ মিঃ থেকে সন্ধ্যে ৬টা পর্যন্ত এই প্রদর্শনীগুলো খোলা রাখা হয়।

বিজ্ঞান প্রদর্শনী দেখার জন্য জেলার বিভিন্ন এলাকা থেকে হাজার হাজার দর্শক এসে ভিড় করে। স্কুল পর্যায়ে অনুষ্ঠিত প্রতিযোগিতায় এস কে সরকারী বালিকা বিদ্যালয়ের ছাত্রী শর্মিষ্ঠা পাল 'আধুনিক ইঁদুর ধরার কল' আবিষ্কার করার জন্য প্রথম পুরস্কার লাভ করে। কলেজ গ্রুপে দেবেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্র সাইদুর রহমান 'লিটমাস-এর বিকল্প' উদ্ভাবনের জন্য প্রথম পুরস্কার লাভ করে।

উপস্থিত বক্তৃতায় প্রথম পুরস্কার লাভ করে ঘিওর ডি এন হাই স্কুলের ছাত্র আবু শফিক এবং দেবেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্রী আফরোজা পারভীন। বিতর্ক প্রতিযোগিতায় প্রথম পুরস্কার লাভ করে ঘিওর ডিএন হাই স্কুলের ছাত্র মিজানুর রহমান ও দেবেন্দ্র বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্রী আফরোজা পারভীন। বিজ্ঞান ও প্রযুক্তি উদ্ভাবনে জেলা পর্যায়ে বিজয়ী শর্মিষ্ঠা পাল ও সাইদুর রহমান চলতি মাসে ঢাকায় অনুষ্ঠিতব্য জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় যোগদান করবে।



*মানিকগঞ্জঃ বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহে প্রধান অতিথি একজন ক্ষুদে বিজ্ঞানীর স্টল পরিদর্শন করছেন —খবর*